Keywords:
Faith
Knowledge
Protect
Well-being

Majlis Ugama Islam Singapura

Friday Sermon

28 June 2024 / 21 Zulhijjah 1445H

পরিবারের রক্ষণাবেক্ষণ করা

শুক্রবারের জুম্মায় আগত উপস্থিত সুধী,

আজকে আমি নিজেকে এবং এখানে উপস্থিত অন্যান্যদেরকেও স্মরণ করিয়ে দিতে চাই যে, আমরা সকলে যেন মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি আমাদের ধার্মিকতা আরেকটু বাড়িয়ে দেই এমনকি সৃষ্টিকর্তার নিকট একান্তে মাফ চাওয়ার মত ছোট কাজের মত কাজ করেও আমরা মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি আমাদের ধার্মিকতা বাড়িয়ে দিতে পারি।

যে সমস্ত কাজ করা নিষেধ সেগুলি থেকে যেন নিজেকে দূরে রাখতে পারি যেমন বাধ্যতামূলক নামাজ পরাকে অবহেলা করা ইত্যাদি থেকে নিজেকে দূরে রাখা। এই ধার্মিক মন নিয়ে মহান আল্লাহ সুবহানাহু তা'আলা যেন আমাদের পরিবারকে সকল ক্ষতিকর ও বদ-অভ্যাস থেকে রক্ষা করেন।

আমীন। ইয়া রাব্বাল আলামীন।

সম্মানিত সুধী,

এই মাসের পুরোটা সময় ধরে আমরা যে বিষয়গুলি আলোচনা করেছিলাম তা কি এখন মনে করতে পারি। আজ আমি সেগুলির একটি সার সংক্ষেপ আপনাদের সামনে তুলে ধরব, আমাকে একটু সময় দিন। পরিবারে শান্তি এবং সম্প্রীতি তৈরী করার জন্য যে কোন রকমের সহিংসতাকে অবশ্যই দমন করতে হবে। আমাদের নবী করিম (সঃ) এর বিদায়ী হজ্বের আলোতে দেখেছি সেখানে আমাদেরকে বারবার স্ত্রী

ও অন্যান্য নারীদের প্রতি সম্ভ্রম দেখানোর কথা মনে রাখতে বলা হয়েছে। এছাড়া, আমাদের সম্পদ সংক্রান্ত পরিকল্পনা ও উত্তরাধিকারভিত্তিতে প্রাপ্ত সম্পদ বন্টনে শুধু আমাদের অধিকারের দিকটা না ভেবে তা ন্যায়বিচার ও দায়ত্বশীলতার সঙ্গে পালন করার প্রতি উৎসাহিত করা হয়েছে।

আসলে, আমাদের এতদসব আলোচনার মূল কেন্দ্রবিন্দুতে আছে মুসলিম পরিবারের কল্যাণকে সংরক্ষণ করা । আজ, আমি আপনাদের সকলকে এই প্রতিজ্ঞা করতে আহ্বান জানাতে চাই যে আমরা আমাদের পরিবারের সুরক্ষা করব, বিশেষ করে যারা বয়সে তরুণ, তাদেরকে সকল নে্তিবাচক প্রভাব থেকে রক্ষা করব| আসুন আমরা সকলে কোরআনের সুরা আল ইমরানের ৩৫ নম্বর আয়াত থেকে শিক্ষা লাভ করি;

إِذْ قَالَتِ ٱمْرَأَتُ عِمْرَٰنَ رَبِّ إِنِّى نَذَرْتُ لَكَ مَا فِى بَطْنِى مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّىٓ ۖ
إِنَّكَ أَنتَ ٱلسَّمِيعُ ٱلْعَلِيمُ ﴿٣٥﴾

অর্থঃ (স্মরণ কর) যখন ‘ইমরানের স্ত্রী আরয করেছিল, হে আমার প্রতিপালক! আমার উদরে যা আছে, তাকে আমি একান্ত তোমার উদ্দেশ্যে উৎসর্গ করলাম, কাজেই আমার পক্ষ হতে তা গ্রহণ কর, নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ।

এই আয়াতটি আমাদেরকে দেখায় যে, সাইয়্যাদাতিনা মরিয়মের মাতা পরিপূর্ণ বিশ্বাস ও প্রত্যাশার সঙ্গে তাঁর গর্ভাবস্থ সন্তানের সম্পূর্ণ নিরাপত্তার জন্য মহান আল্লাহ সুবহানাহু তা’আলার নিকট আরয করেছিলেন, তেমনি আজ আমাদেরও এই চ্যালেঞ্জিং পৃথিবীতে একই রকমভাবে আরয করা উচিত।

সম্মানিত উপস্থিত সুধী,

মহান আল্লাহ সুবহানাহু তা’আলার সকল আদেশ পালনে আমরা বাধ্য হব যদি মহান আল্লাহ সুবহানাহু তা’আলার প্রতি আমাদের বিশ্বাস মজবুত থাকে। আর তাহলেই আমরা একটি শান্তিপূর্ণ, সম্পূর্ণ ও সম্প্রীতির একটি পরিবার গড়ে তুলতে সক্ষম হব। আমাদের বিশ্বাস সুদৃঢ় পরিবারকে সকল নেতিবাচক

প্রভাব যা আমাদের শারীয়াহ মূলনীতির লক্ষ্যের সঙ্গে সাঙ্ঘর্ষিক তা থেকে আমাদেরকে মুক্তি দিতে হবে। শারীয়াহ আইনের একটি অন্যতম বৈশিষ্ট্য হলো, মানব জীবন ও মানব মেধার সংরক্ষণ করা। আর এটা নিজের, পরিবারের এবং সর্বোপরি গোটা সমাজের ক্ষতি করার কাজ থেকে নিজেকে সরিয়ে রাখার কথা বলে। যেমন, অনেক বাচ্চারাই তারা যত ছোট বা বড়ই হোক না কেন ধূমপান ও ইলেক্ট্রিক ধূমপানে এমনকি সিন্থেটিক ড্রাগ ছেড়ে দেয়াটা ভীষণ চ্যালেঞ্জের মনে হয়।

আসুন, আমরা মাদকাসক্তের অপব্যবহারের ওপর কথা বলি। এই বিষয়ে আমাদের মধ্যে যে ধারণা আছে যে অল্পবয়সী মাদকাসক্ত তরুণ তরুণীরা সাধারণতঃ অপরাধকর্মী বা তারা সচরাচর একটি অসফল পরিবার থেকে আসে – এই ভাবনাটা সঠিক নয়। আজ, আমরা সকলে কম-বেশী মাদকদ্রব্য ব্যবহারে বিশেষ করে এর উদার মনোভাব সম্পর্কে যোগাযোগ মাধ্যমের কারণে ওয়াকিবহাল আছি। আর এটা আমাদেরকে এমন ভয়াবহ এক অবস্থার দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে যেখানে মাদক দ্রব্য গ্রহণ একটি খুব সাধারণ আটপৌরে জীবনযাপনের খুব স্বাভাবিক একটি বিষয় বলে প্রতীয়মান হবে।

মানব জীবনে মাদক দ্রব্যের ন্যায় অন্যান্য নেতিবাচক উপাদানগুলি একজন মানুষের আধ্যাত্মিক জীবনে ক্ষতিসাধণ করে। তাদের শরীর ধ্বংস করে ফেলে । মহান আল্লাহ সুবহানাহু তাআলা সুরা আল বাকারার ১৯৫ নম্বর আয়তে বলেছেন,

وَلَا تُلْقُوا۟ بِأَيْدِيكُمْ إِلَى ٱلتَّهْلُكَةِ

অর্থ” ১৯৫. আর তোমরা আল্লাহর পথে ব্যয় করা(১) এবং স্বহস্তে নিজেদেরকে ধ্বংসের মুখে ঠেলে দিও না(২)। আর তোমরা ইহসান কর(৩), নিশ্চয় আল্লাহ মুহসীনদের ভালবাসেন।

প্রিয় ভাইয়েরা,

আমাদেরকে এবং আমাদের পরিবারকে খারাপ প্রভাব থেকে রক্ষা করার দুইটি পদক্ষেপ আমি আপনাদের

সামনে তুলে ধরতে চাই:

প্রথমত: পরিবারের মধ্যে ইতিবাচক মূল্যবোধ প্রতিষ্ঠা করুন। বর্তমান সময়ে নতুন যোগাযোগ মাধ্যমের সাহায্যে যেকোন বয়সের মানুষ বিশেষ করে তরুণ সমাজ বিকল্প জীবনযাপনের নানান কথা জানতে পারছে। এই সব কিছুর কুপ্রভাব থেকে পরিবারের সদস্যদের রক্ষা করার সবচেয়ে ভাল পথ হচ্ছে পরিবারের মধ্যে ধর্মীয় মূল্যবোধ প্রতিষ্ঠা করা। আমাদেরকে অবশ্যই সততার সাথে খোলামেলা আলোচনার মাধ্যমে ইতিবাচক উদাহরণ সৃষ্টি করতে হবে। এই চর্চা আমাদের তরুণ সমাজের বিপথগামী হওয়া, যা আমাদের ধর্মীয় মূল্যবোধের পরিপন্থী, তার ঝুঁকি কমাতে সাহায্য করবে

দ্বিতীয়ত, পরিবারের প্রতিটি সদস্যের প্রতি যথেষ্ট সহযোগিতা ও মনোযোগ দিন। সন্তানদের কার্যকলাপের প্রতি খেয়াল রাখবেন এবং তাদের সাথে বন্ধুত্বপূর্ণ আচরণ করবেন, এবং একই সাথে বয়োজ্যেষ্ঠদের সম্মান করুন ও তাঁদের প্রতি মনোযোগী থাকুন। যেমনটি আমাদের নবী (স:) বলেছিলেন: "সে আমাদের দলভূক্ত নয় যে ছোটদের প্রতি সহমর্মিতা দেখায় না এবং বয়োজ্যেষ্ঠদের সম্মান করেনা।" (ইমাম তিরমিজি বর্ণিত হাদিস) পরস্পরের প্রতি সহযোগিতা ও মনোযোগ প্রদর্শনের মাধ্যমে আমরা পরিবারের সদস্যদের মনোবল বৃদ্ধি করার আশা করি যাতে তারা খারাপ প্রভাবগুলি থেকে মুক্তি পেতে পারে, এবং একই সঙ্গে মঙ্গল অর্জন করতে পারি ও আল্লাহ সুবহানাহু ওয়াতাআ'লার প্রতি বিশ্বাসে পরিপূর্ণ একটি পরিবার তৈরি করতে পারি

প্রিয় ভাইয়েরা,

আসুন আমরা সর্বাত্মকভাবে চেষ্টা করি এবং আল্লাহর কাছে প্রার্থনা করি যাতে তিনি আমাদেরকে এবং আমাদের পরিবারকে সকল প্রকারের ক্ষতির থেকে রক্ষা করেন।

ইয়া আল্লাহ, ইয়া ফাত্তাহ, ইয়া আলিম, আমাদেরকে শক্তি এবং জ্ঞান দান করুন যা দিয়ে আমরা আমাদের পরিবারকে সেই পথে পরিচালিত করতে পারব যা আপনাকে সন্তুষ্ট করে। ইয়া ওয়ালি ওয়া ইয়া রাউফ,

আমাদের পরিবারকে পৃথিবীর সকল পরীক্ষা এবং কুপ্রভাব থেকে আমাদেরকে রক্ষা করুন যা আমাদের ঈমান ও চরিত্রের ক্ষতিসাধন করতে পারে। ইয়া রাহমান ওয়া ইয়া রাহিম, আমাদেরকে ও আমাদের পরিবারকে আপনার করুণা ও নিরাপত্তার ছায়ায় আশ্রয় দিন।

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

SECOND KHUTBAH

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا اْلمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلِسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. اَللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ

فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلاَمَ وَالْأَمْنَ وَالْأَمَانَ لِلْعَالَمِ أَجْمَع يَا لَطِيْف. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.